

কৃষির সঙ্গে শিল্পের সমন্বয়েই উন্নয়ন স্থায়ী হতে পারে : রমেশ চাঁদ

নিজস্ব প্রতিনিধি— দেশের পঁচাত্তরতম স্বাধীনতা বর্ষ উদযাপন উপলক্ষে কলকাতায় ক্যালকটা চেম্বার অব কমার্স আয়োজিত এক অনুষ্ঠানে নীতি আয়োগের সদস্য অধ্যাপক রমেশ চাঁদ প্রধানমন্ত্রীর ‘সবকা সাথ সবকা বিকাশ’ বাস্তবায়নে বণিক সভাগুলির এবং সামগ্রিকভাবে সকল স্তরের মানুষের সহযোগিতার আহ্বান জানান। তিনি বলেন, দেশে কৃষির সঙ্গে শিল্পকে যুক্ত করতে না পারলে স্থায়ী আর্থিক উন্নয়নের কোনও সমাধান পাওয়া সম্ভব নয়। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের মাধ্যমে মানুষের সার্বিক ক্রয় ক্ষমতা বেড়েছে বলে তিনি মন্তব্য করেন। জনকল্যাণমূলক কাজে সরকারের কর্মসূচির বিরোধিতা না করে সহায়তা জরুরি। গণতান্ত্রিক ব্যবস্থায় সকলের বিকাশ নির্ভর করে সকলের সদিচ্ছার ওপরেই। মনে রাখতে হবে সকলেই দেশের নাগরিক। সকলের উন্নতির ওপরেই দেশের উন্নতি নির্ভর করছে।

